

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৬০
আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

২৫তম ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস
অনুষ্ঠানে পুরস্কৃত টিএফটিআই-এর উপদেষ্টা বিপ্লব গোস্বামীকে সংবর্ধনা

আগামীকাল ১৪ মার্চ নজরুল কলাক্ষেত্রস্থিত ত্রিপুরা ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট (টিএফটিআই) পরিসরে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহাৰ উপস্থিতিতে প্রতিষ্ঠানের উপদেষ্টা প্রখ্যাত চিত্রনাট্যকার বিপ্লব গোস্বামীকে সংবর্ধনা প্রদান করা হবে। উল্লেখ্য, শ্রীগোস্বামীকে সম্প্রতি রাজস্থানের জয়পুরে অনুষ্ঠিত ২৫তম ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে 'লাপাতা লেডিস' হিন্দি ফিল্মের জন্য দ্য পপুলার ক্যাটাগরিতে বেস্ট স্টোরি (অরিজিন্যাল) পুরস্কারে ভূষিত করা হয়েছে।
